

# বাংলাদেশ জাতীয় জাদুঘর

শাহবাগ, ঢাকা-১০০০।

## কার্যবিবরণী

### বাংলাদেশ জাতীয় জাদুঘরের সিটিজেন চার্টারে সংযোজিত নাগরিক সেবা প্রদান বিষয়ে মতবিনিময় সভার কার্যবিবরণী- ২০২১


বাংলাদেশ জাতীয় জাদুঘরের সিটিজেন চার্টারে সংযোজিত নাগরিক সেবা প্রদান বিষয়ে অংশীজনদের সাথে ১২ সেপ্টেম্বর ২০২১ সকাল ১১.০০ টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে মতবিনিময় সভার আয়োজন করা হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি। মতবিনিময় সভায় আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন: (পরিশিষ্ট-ক)

সভাপতি অতিথিদের স্বাগত জানিয়ে বলেন, বাংলাদেশ জাতীয় জাদুঘর ১৯১৩ সালে ঢাকা জাদুঘর হিসেবে যাত্রা শুরু করে এবং ১৯৮৩ সালে বাংলাদেশ জাতীয় জাদুঘরে রূপান্তর লাভ করে। এই রূপান্তর প্রতিষ্ঠানটির গুরুত্ব যেমন বেড়েছে তেমনি সামাজিক দায়িত্বও বেড়েছে অনেকগুণ। বাংলাদেশ জাতীয় জাদুঘর নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে কতটুকু সফল বা ব্যর্থ সেই বিষয়টি জানার জন্য এই মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। আমন্ত্রিত অতিথিদের মতামত নিয়ে এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। এরপর সভাপতির আমন্ত্রিত অতিথিদের মতামত উপস্থাপন করতে অনুরোধ জানান। উপস্থিত বিভিন্ন পেশার অতিথিদের মধ্য থেকে নিম্নবর্ণিত অতিথিবৃন্দ তাদের মতামত পেশ করেন:

ক্রমিক নং	সেবাগ্রহীতার নাম/ ঠিকানা	মতামত	সভাপতির বক্তব্য
১.	তরুন কুমার প্রতিনিধি সিটি ব্যাংক লিমিটেড ফোন: ০১৭১১৬১৮৩৬৩	জাদুঘরে ডে কেয়ার সেন্টার নেই। ফলে দর্শকদের সাথে আগত শিশুদের জন্য অসুবিধা হয়। তাই তিনি ডে কেয়ার সেন্টার স্থাপনের জন্য অনুরোধ জানান।	সভাপতি, ডে কেয়ার সেন্টার স্থাপনের আশ্বাস দেন। প্রয়োজনীয় লোকবল ও স্থান প্রাপ্তি সাপেক্ষে এটি করা হবে।
২.	এমরান প্রতিনিধি সিটি ব্যাংক লি. ফোন: ০১৭১৩৪৬৩৯৮৭	তিনি ক্যান্টিনের খাবারের মান উন্নয়নের জন্যও অনুরোধ করেন। কর্মীরা দর্শকদের সাথে ভাল আচরণ করে না। এ বিষয়ে উদ্যোগ নেয়ার অনুরোধ জানান।	সভাপতি বলেন, জাদুঘরের কর্মীদের প্রতিনিয়ত প্রশিক্ষণ দেয়া হয় ভাল আচরণ সম্পর্কে, এ বিষয়ে পুনরায় ব্যবস্থা নেয়া হবে। এরপর তিনি খাবারের মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণের জন্য আশ্বাস দেন।
৩.	এতেশাম উল্লাহ মাঠ পরিদর্শক হিড বাংলাদেশ ফোন: ০১৭১৫২৬৭৬৭০	জাদুঘরের টিকিট ম্যানুয়াল করার অনুরোধ জানান।	করোনা দূর হলে এ বিষয়ে ব্যবস্থা নেয়া হবে।
৪.	ফারহানা দেওয়ান উদয়ন উচ্চ বিদ্যালয় ফোন: ০১৭১১২৮১১১২	শিশুদের মাঝে নিয়মিত বিভিন্ন প্রতিযোগিতা আয়োজনের অনুরোধ জানান। এরফলে শিশুদের মাঝে অপরাধ প্রবণতা হ্রাস পাবে।	সভাপতি এ বিষয়ে বলেন, জাদুঘর জাতীয় দিবসসমূহে বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন করে। অধিক পরিমাণে প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ নেয়া হবে। শিশুদের অপরাধ প্রবণতা দূর করতে পারিবারিক উদ্যোগ গ্রহণ প্রয়োজন বলে মত দেন।

৫.	মাবুফ বিল্লাহ সিটি কলেজ ফোন: 01715701327	জাদুঘরের গ্যালারিতে পর্যাপ্ত এসির ব্যবস্থা করার অনুরোধ জানান।	সভাপতি বলেন, জাদুঘরে পর্যাপ্ত এসি রয়েছে। মেরামতের কাজ চলছে। প্রয়োজনে নতুন এসি সংস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬.	বিন্দিয়া খান কঠ শিল্পী ফোন: 01787733336	বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মিলনায়তন উন্নয়নের অনুরোধ করেন।	বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মিলনায়তন উন্নয়নের উদ্যোগ নেয়া হবে।
৭.	আবুল বাসার প্রতিনিধি পূবালী ব্যাংক লি. ফোন: 01712077507	জাদুঘরের টিকিট ম্যানুয়াল করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।	করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে এ বিষয়ে ব্যবস্থা নেয়া হবে।
৮.	আমিনুল ইসলাম প্রতিনিধি বেরাইদ স্কুল, ঢাকা ফোন: 017163530433	জাদুঘরে প্রতিনিয়ত বিশেষ প্রদর্শনীর আয়োজনে অনুরোধ করেন। যাতে শিক্ষার্থীরা আগ্রহী হয়।	সভাপতি বলেন, আমরা প্রতিনিয়ত নতুন নতুন অনুষ্ঠানমালা আয়োজন করি। বিশেষ করে মুজিববর্ষে কয়েকটি বিশেষ প্রদর্শনী আয়োজন করা হয়েছে।
৯.	সঞ্জয় কুমার সরকার প্রতিনিধি ব্রাক ব্যাংক লি. ফোন: 01766699057	জাদুঘরের কর্মকর্তা ও কর্মচারীদের বিশেষ করে গ্যালারিতে আইডি কার্ড ব্যবহার করার অনুরোধ জানান।	জাদুঘরের কর্মকর্তা ও কর্মচারীদের আইডি কার্ড রয়েছে। সবাইকে আইডিকার্ড দৃশ্যমান রাখার ব্যবস্থা গ্রহণ করা হবে।

আমন্ত্রিত অতিথিদের মধ্য থেকে আর কেউ আলোচনায় অংশ গ্রহণ না করায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার  
কাজ সমাপ্ত করেন।


  
 ৩১/১০/২০২১  
 খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি  
 মহাপরিচালক  
 বাংলাদেশ জাতীয় জাদুঘর

স্মারক নম্বর: ৪৩.২২.০০০০.০১২.০২.০২১.১৭.১৫৫৯/৩০

তারিখ: ০২/১১/২০২১

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ১) ১৫৩০ সংস্করণ ২০২১ ৩১/১০/২১ - বিভাগ/শাখা প্রদান, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
- ৩) সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ জাতীয় জাদুঘর।

  
 ৩১/১০/২০২১  
 ড. শিহাব শাহরিয়ার  
 কীপার, জনশিক্ষা বিভাগ  
 বাংলাদেশ জাতীয় জাদুঘর